
# অভিযাত্রী পিঁপড়ে

সি.জে. ডেনিস
চিত্রাঙ্কন গৌরী গুপ্তা




কথা থেকে প্রকাশিত একটি 300m থিংকবুক



একবার একটা ছোট্ট চিনি পিঁপড়ে ঠিক করল যে সে ভ্রমণে যাবে - অনেক দূরে, বাড়ি থেকে  অনেক অনেক দূরে।

সে সকালবেলায় তার জলখাবার খেয়ে তার মায়ের অনুমতি নিল। পথে যা যা দেখার সুযোগ সে পেয়েছিল, এবং যে পথে সে গিয়েছিল তা ছিল এই রকম -

উঁচু নিচু একটা ফার্নের পাতা বেয়ে, গোল একটা পাথরের চারদিক ঘুরে,
অন্ধকার একটি পর্বতের সরু পথ দিয়ে নিচে নেমে এমন জায়গায় সে এলো যেখানে একা থাকা তার ঘোর অপছন্দ ছিল




সাত ইঞ্চি উঁচু একটি বিশাল পর্বতমালা পার হয়ে,
প্রায় আকাশ ঢাকা জংলি ঘাসের ভয়াল বনের ভিতর দিয়ে।

শ্যাওলায় ঝুঁকে থাকা ফার্ন গাছের একটা সাঁকো পার হয়ে,
অবশেষে সে এসে পৌঁছল বহুদূর পর্যন্ত বিস্তৃত একটি ভয়ঙ্কর ধু ধু মরুভূমিতে।



এটা ছিল একটি শুষ্ক, নির্জন মরুভূমি, যেখানে কোনও পথ দেখা যায় না,
তার ইচ্ছা হচ্ছিল আবার বাড়ি ফিরে গিয়ে আরাম করে বিছানায় শুয়ে থাকতে।

তার ছোট্ট ছোট্ট পাগুলি টলমল করছিল, তার শক্তি প্রায় নিঃশেষ হয়ে এসেছিল,
তাই এবার সে আবার ঘুরে দাঁড়াল, এবং তারপরে সে যে পথে ফিরেছিল তা ছিল এই রকম -




মরুভূমি থেকে দূরে, বেশ কয়েক গজ দূরে,
আবার শ্যাওলার মধ্যে ঝুঁকে থাকা ফার্নের সাঁকো পার হয়ে।

আকাশ ঢাকা জংলি ঘাসের ভয়াল বনের ভিতর দিয়ে,
সাত ইঞ্চি উঁচু বিশাল পর্বতমালা পার হয়ে,



অন্ধকার একটি পর্বতের সরু পথ দিয়ে নিচে নেমে এমন জায়গায়
সে এলো যেখানে একা থাকা তার ঘোর অপছন্দ ছিল
ফার্নের একটা উঁচু নিচু পাতা পার হয়ে, একটা গোল পাথরের চারদিকে ঘুরে।

বিষণ্ণ আর ক্লান্ত পিঁপড়েটি প্রতিজ্ঞা করলো আর সে কখনও
ঘুরতে যাবে না,
সে বাগানের পথ ধরে টলতে টলতে বাড়ি ফিরে এলো।



সি.জে. ডেনিস ছিলেন একজন অস্ট্রেলিয়ান কবি। ডেনিস তাঁর হাস্যরসাত্মক কবিতার জন্য পরিচিত। অস্ট্রেলিয়ার তিনজন বিখ্যাত কবির মধ্যে তাঁকে একজন বলে বিবেচনা করা হয়।

## কKATHA

কথা একটি বিশ্বব্যাপী স্বীকৃত অলাভজনক সংস্থা (www.katha.org),যা ১৯৮৮ সাল থেকে স্বাক্ষরতা থেকে সাহিত্য পর্যন্ত সব কিছু নিয়েই ধারাবাহিক ভাবে কাজ করে চলেছে। দরিদ্র শিশুদের জন্য প্রকাশনা এবং শিক্ষার ক্ষেত্রে আমাদের প্রায় ৩০ বছরের অভিজ্ঞতা রয়েছে।

ভারতের মুকুটে একটি শিক্ষামূলক রত্ন। **- নায়োউকি শিনোহারা, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, আইএমএফ**

বিশ্বের সমস্ত শহরগুলিতে সাধারণ এবং চরম দুর্দশা নিয়ে কর্মরত সমস্ত সৃজনশীল প্রকল্পগুলির একটি দৃষ্টান্ত হল কথা।
**- চার্লস ল্যান্ড্রি, দ্যা আর্ট অফ সিটি মেকিং**

"শিশুদের জন্য কথার মনে সত্যিকারের একটি কোমল স্থান রয়েছে। তাই ... শিশুদের জন্য এই জাতীয় চমৎকার বইগুলির সৃষ্টি করে।"
— টাইম আউট

"কথা যে ধারণার ভিত্তিতে কাজ করে তা হল শিশুরা তাদের সমাজে বাস্তব এবং দীর্ঘস্থায়ী পরিবর্তন আনতে পারে, যেমন তারা [তাদের বইতে] আনে।"
— পেপারটাইগারস

এই সংস্করণটির প্রথম প্রকাশনা 2021
স্বত্ব © কথা,2021
পাঠ্যস্বত্ব © সি.জে. ডেনিস
চিত্রস্বত্ব © কথা
এ3, সর্বোদয় এনক্লেভ, শ্রী অরবিন্দ মার্গ, নয়া দিল্লি 110 017
ফোন: 91-11 4141 6600 . 4141 6610
ই-মেইল: editors@katha.org, ওয়েবসাইট: www.katha.org
ISBN 978-93-82454-65-6

**আমাদের উদ্দেশ্য**: প্রতিটি শিশু যেন ভালোভাবে এবং আনন্দের জন্য পড়ে! ১৯৮৮ সালে শুরু হওয়া কথা একটি নিবন্ধীকৃত অলাভজনক সংস্থা। আমরা স্বাক্ষরতা থেকে সাহিত্য পর্যন্ত সব কিছু নিয়েই কাজ করি। শিশু ও প্রাপ্তবয়স্কদের আনন্দবর্ধনে নিয়োজিত থেকে, আমরা ১,০০,০০০-এরও বেশি দরিদ্র শিশুদের ভালো মানের বই ও সহায়তা দিয়ে গ্রেড-স্তরের পড়াশোনায় নিয়ে আসার জন্য কাজ করি।

সর্বস্বত্ব সংরক্ষিত! প্রকাশকের থেকে আগাম লিখিত অনুমতি ব্যতীত এই বইয়ের কোনও অংশই কোনও ভাবে পুনরুৎপাদন অথবা ব্যবহার করা যাবে না।
এই বইগুলির বিক্রয় থেকে প্রাপ্ত আয়ের ১০% অবহেলিত শিশুদের পড়াশোনা ও আজীবন শিক্ষার কর্মসূচিতে ব্যয় করা হয়।





"আই লাভ রিডিং লাইব্রেরি হল বইয়ের একটি অনন্য সিরিজ, যা নতুন এবং দ্বিধাগ্রস্ত পাঠকদের সাবলীলভাবে পড়তে সহায়তা করে। পাঠের বিভিন্ন স্তরে থাকা শিশুদের শেখার প্রয়োজনীয়তা অনুসারে উচ্চমানের বিষয়বস্তু এবং নকশার সাহায্যে, এটি ভারত এবং বিশ্বের সেরা সাহিত্যিক সৃষ্টি এবং শিল্পকর্মকে একত্রিত করেছে। আমাদের বইগুলি গীতা ধর্মরাজনের স্টোরিপেডাগজি™ প্রকাশ করে - এটি একটি অনন্য শিক্ষামূলক মডেল, যা বিশেষভাবে প্রথম প্রজন্মের পাঠকদের পড়ার আনন্দকে বাড়িয়ে দেয়, এবং শিশুকে বিগ আইডিয়া এবং টা-ডার আকর্ষণীয় জগতে নিয়ে যায়!
(TA-DAA--ভাবুন, প্রশ্ন করুন, আলোচনা করুন, কাজ করুন এবং অর্জন করুন)।"

কথা-র হলিস্টিক আর্লি লার্নিং (খেল অথবা KHEL) ল্যাব সরকারি, অলাভজনক এবং বেসরকারি স্কুল শিক্ষকদের জন্য বিভিন্ন কর্মশালার আয়োজন করে। অনলাইনে চলা এই এফ2এফ (F2F--মুখোমুখি) কর্মশালাগুলি শিক্ষক, বিদ্যালয়ের প্রশাসক এবং স্বেচ্ছাসেবকদের "রিডিং টিচার্স সার্টিফিকেট" প্রদান করে। আরও জানার জন্য আমাদের 300m@katha.org-এ লিখুন

আনন্দ নিতে এবং জানার জন্য পড়ুন

এই সমস্ত আইএলআর বইগুলি









































**FOR OUR BOOKS**

**www.books.katha.org**

"[কথা]...ভারতীয় প্রকাশনার ইতিহাসে একটি বিশেষ এবং অনন্য মুহূর্ত।"
— দ্য আইকনিক দ্য ইকোনমিক টাইমস

ছোটদের জন্য

কথা একটি বই

ISBN 978-93-88284-81-3

www.katha.org

XXX

গ্রিন সিরিজ